IFLA কৌশল

২০১৯-২০২৪

আমাদের ভিশন একটি শক্তিশালী এবং সংঘবদ্ধ লাইব্রেরি ক্ষেত্র গঠন যা সাক্ষর করতে,সচেতন করতে এবং গঠনমূলক সমাজ তৈরিতে সাহায্য করবে

আমরা **IFLA**

ভূমিকা: লাইব্রেরীর গ্লোবাল ভয়েস

ইন্টারন্যাশনাল ফেডারেশন অফ লাইব্রেরি অ্যাসোসিয়েশন এন্ড ইনস্টিটিউশন (IFLA) হয় অনন্য । এর সদস্যপদ পৌঁছানোর জন্য ধন্যবাদ, মিশনের পরিব্যাপ্তি এবং তার উদ্বুদ্ধ করার ক্ষমতা, এর সংযুক্ত, সক্রিয় এবং সংযোগ ব্যবস্থা, বিশ্বব্যাপী লাইব্রেরি ক্ষেত্রে একটি বিশেষ ভূমিকা পালন করে।

IFLA বিশ্বের মঞ্চে লাইব্রেরি প্রতিনিধিত্ব করার জন্য এবং সদস্য-সমিতি, প্রতিষ্ঠান এবং ব্যক্তির ক্ষমতা জোরদার করতে এবং লাইব্রেরি ও তথ্য প্রদান করার পক্ষে কাজ করে।

সমগ্র কাজগুলি গ্রন্থাগার ক্ষেত্রের উন্নত ও বিশ্বস্ত ধারনাযুক্ত মস্তিষ্কের দ্বারা গঠিত ১২০০ সংখ্যার স্বেচ্ছাসেবির দল যারা IFLA'র পেশাদার ইউনিটগুলির অংশ, পাশাপাশি IFLA'র সদর দফতরের দল এবং আঞ্চলিক ও ভাষা কেন্দ্রগুলির সমন্বয়, IFLA'র কাজকে ৭টি ভাষায় পরিচালন করতে সাহায্য করে।

আমাদের কৌশল: ভবিষ্যতের একটি রূপরেখা

এই নথিটি দূরদৃষ্টি থেকে কৌশল, কৌশল থেকে কাজের যাত্রাপথে একটি মাইলফলকের ন্যায় প্রতিনিধিত্ব করে । এটি একটি স্বতন্ত্র অন্তর্ভুক্তিকরণ প্রক্রিয়ার ফল যা IFLA'র গ্লোবাল ভিশন ২০১৭ এর মার্চ-এ চালু হয়।

গ্রন্থাগার ক্ষেত্রের শক্তি ও সুযোগ-সুবিধা সম্পর্কে আলোচলামূলক কথোপকথনের দ্বারা ১৯০ দেশের থেকে প্রায় ১০ হাজারের ও বেশি গ্রন্থাগার ও তথ্যকর্মীকে সংযুক্ত করে এই নথিটি শক্তি প্রদান এবং কৌশলের জন্য পথপ্রদর্শক হিসাবে প্রতিনিধিত্ব করছে ।

এই ভিত্তিতে IFLA'র পেশাদার ইউনিট ও গভর্নিং বোর্ড, সদর দফতরের সঙ্গে কাজ করে এই নথিটি তৈরি করেছে, একই সঙ্গে IFLA'র বিদ্যমান শক্তির মূল্যায়ন এবং জাতিসংঘের টেকসই উন্নয়ন লক্ষ্যের প্রতি তার অঙ্গীকারের কথাও অঙ্কন করেছে । এটি ২০১৯ এর ১২ এপ্রিল IFLA'র গভর্নিং বোর্ডের অনুমোদন পায় ।

গঠন: কর্মের জন্য একটি কাঠামো

IFLA কৌশল ২০১৯-২০২৪ লাইব্রেরি ক্ষেত্রের জন্য একটি নথি যা লাইব্রেরি ক্ষেত্র দ্বারা পরিচালিত। এটি একটি রেফারেন্স হিসাবে ডিজাইন করা হয়েছে যা শুধুমাত্র, IFLA'র পেশাদার ইউনিট, সদর দফতর এবং আঞ্চলিক ও ভাষা কেন্দ্রগুলির জন্য নয়, পাশাপাশি এটি সমগ্র সদস্য ও লাইব্রেরি ক্ষেত্রের জন্য ও ব্যবহার করা হবে। আমাদের কাজকে নতুন শক্তি ও সমতা বজায় রাখতে অনুঘটকের ন্যায় এটি পথনির্দেশ করবে।

আমাদের মিশন প্রদানের জন্য কৌশলগত নির্দেশগুলোকে চারটি মূখ্য আলোচনার কেন্দ্রবিন্দু ধরা হয়েছে:

১. লাইব্রেরির গ্লোবাল ভয়েস শক্তিশালী করা

২. উন্নত পেশাদারী অনুশীলন ও অনুপ্রাণিত করা

৩. সংযুক্ত করন এবং ক্ষেত্রের ক্ষমতায়ন

৪. সংগঠন নিয়ে আশাবাদী

প্রতিটি কৌশলগত দিক গুলিকে আরো চারটি মূল উপাদানে বিভক্ত করণের মাধ্যমে একটি কাঠামো গঠন করা হয় যার মাধ্যমে আমরা লাইব্রেরি ক্ষেত্রকে শক্তিশালী করতে এবং মিশনের সফলতা অর্জনে কাজ করতে পারি ।

আমাদের ভিশন

একটি শক্তিশালী এবং সংঘবদ্ধ লাইব্রেরি ক্ষেএ গঠন যা সাক্ষর করতে, সচেতন করতে এবং গঠনমূলক সমাজ তৈরিতে সাহায্য করবে

আমাদের মিশন

বিশ্বব্যাপী লাইব্রেরি ক্ষেত্রকে অনুপ্রাণিত, যুক্ত, সক্রিয় এবং সংযুক্ত করার জন্য

আমাদের মূল্যবোধ

- সর্বজনীন তথ্য, ধারণা, কল্পনা এবং মতপ্রকাশের স্বাধীনতা প্রকাশের অনুমোদন প্রদান যা ১৯ নম্বর অনুচ্ছেদের সার্ব্বজনিন মানবাধিকার ঘোষণাকে সমর্থন করে
- মানুষ, সম্প্রদায় ও সংগঠনগুলির সামাজিক, শিক্ষা, সাংস্কৃতিক, গণতান্ত্রিক ও অর্থনৈতিক সুবিধের জন্য তথ্য, ধারণা ও কল্পনাসমূহগুলিতে সার্ব্বজনীন ও সুষম প্রবেশাধিকার প্রয়োজন
- উচ্চ মানের লাইব্রেরি এবং তথ্য পরিষেবা সেই প্রবেশাধিকার প্রত্যয় করে
- সকল সদস্যকে যুক্ত করা এবং তাদের কাজের সুফল সবার কাছে পৌঁছে দিতে ফেডারেশন প্রতিশ্রুতিবব্দ যা কোনরকম নাগরিকত্ব, অক্ষমতা, জাতিগত উৎপত্তি, ভৌগলিক অবস্থান, ভাষা, রাজনৈতিক দর্শন, জাতি অথবা ধর্ম বিচার করে না

কার্যকরের জন্য আহ্বান

এই কৌশলটি সম্ভব হয়েছে গ্লোবাল লাইব্রেরির আইডিয়া ও এনার্জির মাধ্যমে । এটা একটা মাইলস্টোন তবু গন্তব্য নয় । এই নথি শুধু পড়ার জন্য নয়, এটি ব্যবহার ও করা হোক, কারণ আমাদের ভবিষ্যত গঠনে প্রত্যেকেরই ভূমিকা রয়েছে । এর সাফল্য আমাদের সাফল্য এবং সেটি আমাদের প্রত্যেকের কাজের উপর নির্ভর করে ।

এর চারটি কৌশলগত নির্দেশ এবং ষোলোটি মূল উদ্যোগ তাই সহস্র জনের জন্য একটি কাঠামো এবং এটি সমগ্র মানুষের কাজের মাধ্যমে লাইব্রেরি ক্ষেত্র পরিবর্তন এবং তার দৃষ্টি অর্জনে উপযোগী হবে ।

আমরা আপনাকে স্বতন্ত্রভাবে এবং সম্মিলিতভাবে কৌশলের লক্ষ্যগুলির জন্য কিছু অবদান রাখতে আনুরোধ করছি। আপনি কি তার বার্তা শেয়ার করতে এবং অন্যদের উদ্বুদ্ধ এবং যুক্ত করার জন্য কাজ করতে পারেন, যেমন আপনি অনুপ্রাণিত এবং নিয়োজিত হয়েছেন।

একসাথে, আমরা একটি শক্তিশালী এবং ঐক্যবদ্ধ লাইব্রেরি ক্ষেত্র গড়ে তুলতে পারি, যা সাক্ষর করতে, অবহিত করতে এবং অংশগ্রহণমূলক সমাজ গঠনে উপযুক্ত।

আমরা IFLA

কৌশলগত দিক ১

লাইব্রেরির গ্লোবাল ভয়েস শক্তিশালী করা

আমরা শুনি এবং লাইব্রেরি ক্ষেত্রের অগ্রাধিকার বুঝতে পারি এবং বিশ্বব্যাপী ও আঞ্চলিক স্তরে লাইব্রেরি এবং তাদের মূল্যবোধের জন্য সোচ্চার হওয়ার মাধ্যমে সেই বার্তাটি চারিদিকে প্রচারিত হয় । আমদের অন্তর্দৃষ্টি, আস্থা এবং কর্তৃত্বের সঙ্গে স্থাপিত প্রাসঙ্গিক নীতি যা লাইব্রেরির জন্য স্বীকৃত এবং সম্প্রদায়ের উন্নয়ন এজেন্ডা অর্জনের জন্য অপরিহার্য সম্পদ । আমরা শক্তিশালী অংশীদার হিসেবে আন্তর্জাতিক সংস্থা ও মিটিংয়ে মূল্যবান উপস্থিতি গড়ে তুলি ।

মূল উদ্যোগ

১.১ টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে গ্রন্থাগারের ক্ষমতা প্রদর্শন

কার্যকরী গ্রন্থাগার অ্যাডভোকেসির ভিত্তি হিসেবে, আমরা উচ্চ মানের,উচ্চ প্রভাবযুক্ত সরঞ্জাম উৎপাদন করব যা বহিরাগত দর্শকদের কাছে গ্রন্থাগারের অবদান ও তার সমগ্র ক্ষেত্রের উন্নয়ন তুলে ধরবে ।

১.২ শক্তিশালী ও মূল্যবান অংশীদার হিসেবে আন্তর্জাতিক সংস্থা ও মিটিংয়ে উপস্থিতি

আমরা আন্তর্জাতিক প্রতিষ্ঠানগুলির সঙ্গে আমাদের যোগসূত্র জোরদার করব, যাতে আইন, পথনির্দেশ এবং কর্মসূচী তৈরি করতে লাইব্রেরি লাভবান হয় । আমরা একটি কৌশলগত, দীর্ঘমেয়াদী পন্থা গ্রহণ করব এবং অপরিহার্য অংশীদার হিসেবে আমাদের সুনাম গড়ে তুলব ।

১.৩ লাইব্রেরি এসোসিয়েশন এবং লাইব্রেরির সঙ্গে কাজ করে তাদের কাজের জন্য আইনগত এবং অর্থ সমস্যা চিহ্নিত করা ও তা সমাধানের জন্য কৌশল গ্রহণ

সদস্যদের সাথে ঘনিষ্ঠভাবে সহযোগিতা করে, আমাদের বোঝাপড়া এবং ক্ষমতা জোরদার করব যা সাহিত্য, শিক্ষা, পঠন, উদ্ভাবন এবং জ্ঞান ও ঐতিহ্যের উন্নয়ন অগ্রাধিকারের মাধ্যমে জাতীয় ও আঞ্চলিক পর্যায়ে প্রচার করবে । আমরা এগুলি সংযুক্ত করণের মাধ্যমে, পথনির্দেশ এবং উচ্চ মানের উপকরণের মাধ্যমে সরাসরি প্রচার করবো ।

১.৪ উন্মুক্ত প্রবেশাধিকার এবং গ্রন্থাগারের মূল্যবোধ নিয়ে জনমত ও আলোচনা প্রদান গ্রহন যা বুদ্ধিবৃত্তিক স্বাধীনতা এবং মানবাধিকার রক্ষায় উপযুক্ত

উন্মুক্ত প্রবেশাধিকার এবং লাইব্রেরি ক্ষেএ প্রসারতার জন্য বাস্তবমুখি ও বুদ্ধিবৃত্তিক সিদ্ধান্ত গ্রহন করা আবশ্যক। আমরা লক্ষ্য করছি যে, বুদ্ধিবৃত্তিক স্বাধীনতার প্রসার, চিন্তার প্রতিফলন, সমন্বয়ের ব্যবস্থা এবং বাহ্যিক প্রচারের মাধ্যমে লাইব্রেরি বিজয়ীর ভূমিকা পালন করে ।

কৌশলগত দিক ২

উন্নত পেশাদারী অনুশীলন ও অনুপ্রাণিত করা

আমরা ভবিষ্যতে চিন্তাভাবনার মাধ্যমে এবং নতুন ও সম্ভাবনাময় পন্থা উৎসাহিত করে পেশাটিকে অনুপ্রাণিত করি । আমরা মান,নির্দেশিকা এবং সর্বোত্তম অনুশীলনের মাধ্যমে গ্রন্থাগারের উন্নয়নের মান বজায় রাখি। আমরা সমাজকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য প্রয়োজনীয় সরঞ্জাম এবং সম্পদগুলি প্রদান করি,অংশীদারি ক্রিয়া সহজতর করি এবং উদ্ভাবনী প্রোগ্রাম এবং কাজকে সহয়তা করি। আমরা বিশ্বের সাংস্কৃতিক ঐতিহ্যকে তার বিবিধ রূপের মধ্যে সুরক্ষিত,সুদৃঢ় ও উন্নত করার জন্য কাজ করি যা ঐতিহ্যগত,ঐতিহাসিক,আদিবাসী ও সমসাময়িক অভিব্যক্তি বহন করে।

মূল উদ্যোগ

২.১ উৎপাদন, যোগাযোগ এবং মূল সম্পদ ও উপকরণ বিতরণের মাধ্যমে পেশাকে উৎসাহিত করা

গ্রন্থাগার ও তথ্য মহলের উৎস সম্পর্কে একটি নিভরযোগ্য ও মূল গবেষণা কেন্দ্র হিসেবে আমরা কাজ করি । আমদের যুগোপযগী তথ্য, অর্ন্তদৃষ্টি এবং উদ্ভাবনী ধারনা যা লাইব্রেরি সম্পর্কে চিন্তা করার জন্য একটি অপরিহার্য ভিত্তি প্রদান করে এবং বিভিন্ন প্রতিবেদন যা অনুঘটকের ন্যায় উদ্ভাবন করতে সাহায্য করে।

২.২ উন্নত মানের প্রচারণা, তথ্য এবং অন্যান্য যোগাযোগ পণ্য নিয়মিত ভাবে সরবরাহ করার মাধ্যমে লাইব্রেরিগুলি সংযুক্ত এবং শক্তিশালি করা

নিয়মিত যোগাযোগ ব্যাবস্থা আমাদের পেশাটিতে একটি সক্রিয় উদ্দীপনা বহন করে, যা বর্তমান কাঠামো এবং তার ব্যবহারগুলোকে চ্যালেঞ্জ করে এবং বিশ্বব্যাপী গ্রন্থাগারগুলির বোঝাপড়া, উদ্দীপনা এবং সরঞ্জাম ব্যবস্থার মাধ্যমে পদক্ষেপ গ্রহণ করে।

২.৩ পেশাদারী অনুশীলন উন্নত করতে মান, নির্দেশিকা, এবং অন্যান্য উপকরণ গঠন

গ্লোবাল লাইব্রেরি সংস্থা হিসাবে সব ধরনের লাইব্রেরির জন্য আমরা মান, নির্দেশিকা এবং অন্যান্য কাগজপত্র তৈরি এবং এগুলি একটি পরিবর্তনশীল বিশ্বের সাথে খাপ খাওয়াতে, অভ্যাস উন্নত করতে, প্রযুক্তির সাথে সঙ্গ বজায় রাখতে এবং নতুন প্রযুক্তি গ্রহণ করতে উপযোগী, যা ব্যবহারকারীদের প্রত্যাশা পূরণে সহায়তা করে।

২.৪ সরঞ্জাম এবং কাঠামো প্রদান করা যা গ্রন্থাগারের কাজকে সমর্থন করে

বিশ্বব্যাপী আমরা লাইব্রেরি পেশার কাজকে সমর্থন করব এবং সুপরিকল্পিত ব্যবহারিক সরঞ্জাম ও IFLA’র প্ল্যাটফর্মের মাধ্যমে কার্যকরী লাইব্রেরি ও তার পরিষেবা প্রসারের জন্য অবদান রাখবে ।

কৌশলগত দিক ৩

সংযুক্ত করন এবং ক্ষেত্রের ক্ষমতায়ন

আমরা আলোচনা ও কর্মের একটি কেন্দ্রস্থল । আমরা সংযুক্ত এবং সংঘবব্দ লাইব্রেরি ক্ষেত্রের গতিদায়ক এবং সহযোগিতায়র দ্বারা প্রাণবন্ত, যাতে কোন গ্রন্থকারিক না পিছিয়ে পড়ে । আমরা আবেগকে একত্রিত করি, প্লাটফর্ম প্রদান করি এবং সকল স্তরে নতুনত্ব, শিক্ষা এবং পেশাগত উন্নয়ন সক্রিয় করি । এগুলির মাধ্যমে আমরা বর্তমান চ্যালেঞ্জ এবং সুযোগের প্রত্যুত্তর গঠন এবং লাইব্রেরি ক্ষেত্রের ক্ষমতায়নের মাধ্যমে উচ্চ মানের সেবা প্রদান, সম্প্রদায়ের চাহিদা পূরণ,সাক্ষরতা প্রসারণ,নতুনত্ব গঠন, ঐতিহ্য সংরক্ষণ এবং সব ব্যবহারকারীদের জন্য তথ্য বহন বজায় রাখি ।

মূল উদ্যোগ

৩.১ ঘনিষ্ঠ নেটওয়ার্কিং এবং শেখার জন্য চমৎকার সুযোগ প্রদান করা

আমরা লাইব্রেরি ক্ষেত্র একত্রিত করার জন্য সভার আয়োজন গ্রহণ করব এবং সহযোগিতার জন্য বাধাগুলো ভেঙ্গে ফেলার অঙ্গীকার,নতুন অন্তর্দৃষ্টি ও জ্ঞান সক্রিয় করতে এবং ধারনা প্রচার করতে সুযোগ প্রদান করবো।

৩.২ ভার্চুয়াল নেটওয়ার্কিং এবং সংযোগকে সমর্থন করা

ভার্চুয়াল নেটওয়ার্কিং সরঞ্জামের মাধ্যমে আমরা লাইব্রেরি ক্ষেত্রে নিরন্তর সহযোগিতার একটি চেতনা গড়ে তুলতে পারি যা প্রত্যেক গ্রন্থকারিককে যুক্ত করবে এবং বৈশ্বিক কথোপকথনে নিয়োজিত করতে সক্ষম হবে।

৩.৩ জাতীয় ও আঞ্চলিক স্তরে ক্ষেত্রের ক্ষমতায়ন

গ্রন্থাগার ক্ষেত্রের সক্ষমতা বৃদ্ধি এবং সর্বস্তরে উপযোগী পরিষেবা পৌঁছে দিতে লাইব্রেরি সংঘ ও সমিতি, শক্তিশালী নেটওয়ার্কের মাধ্যমে আঞ্চলিক এবং জাতীয় স্তরে কাজ করবে।

৩.৪ টার্গেট লার্নিং এবং পেশাদারী উন্নয়ন প্রদান

আমরা বিভিন্ন শেখার সুযোগ প্রদানের মাধ্যমে বর্তমান অনুশীলন আপডেট করবো। আমরা সমাজের প্রবৃত্তি ও মূল্যায়নের ক্ষমতা গড়ে তুলব, অ্যাডভোকেট হিসাবে প্রত্যেক গ্রন্থাগারিককে এবং বিকাশ ও সংযুক্ত করণের মাধ্যমে ভবিষ্যতের নেতাদের গড়ে তুলবো ।

কৌশলগত দিক ৪

সংগঠন নিয়ে আশাবাদী

বর্তমান ও ভবিষ্যতের মিশনে পৌঁছে দেওয়ার ক্ষমতা আমাদের সংগঠন সবসময় চেষ্টা করে । আমরা চলমান স্থিতিশীলতা ও স্থায়িত্বের জন্য উচ্চাভিলাষী অথচ বাস্তবসম্মত পরিকল্পনা বিকাশের মাধ্যমে দীর্ঘ মেয়াদি প্রস্তুতি নিই । এর মূল চাবিকাঠি হচ্ছে আমাদের সদস্যপদ বৃদ্ধি করা,আঞ্চলিক উপস্থিতি জোরদার করা এবং সক্রিয়ভাবে একটি কার্যকর পেশাদারী কাঠামোর মাধ্যমে সদস্যদের যুক্ত করা ও বৈচিত্র্যময় স্বেচ্ছাসেবক গঠন করা। আমাদের দৃশ্যমানতা বৃদ্ধি এবং দক্ষ,কার্যকর এবং উদ্ভাবনী সেবা ও সমর্থন প্রদান বজায় রাখবো।

মূল উদ্যোগ

৪.১ দীর্ঘমেয়াদী আর্থিক ধারাবাহিকতা এবং প্রতিষ্ঠানের স্থায়িত্ব

ভবিষ্যতের জন্য পরিকল্পনা করা,সম্ভাব্য অংশীদারিত্বের দৃঢ় ভিত্তি গঠন এবং নতুন সুযোগ আয়ত্ত করার সক্ষমতা অর্জনের মাধ্যমে আর্থিক কৌশল এবং দীর্ঘমেয়াদী টেকসই বিকল্প গঠন করা।

৪.২ কার্যকরভাবে মানব সম্পদ ও নেটওয়ার্কগুলো গতিশীল করা

সকল মানুষের সম্ভাবনাময় মানব সম্পদ কার্যকর করতে এবং পরিবর্তন ও উদ্ভাবনকে উৎসাহিত করতে, প্রগতিশীল ইউনিট ও কাঠামোর মাধ্যমে গঠিত একটি উচ্চ-সম্পন্ন সদর দল, কার্যকরী আঞ্চলিক অফিস, ভাষা কেন্দ্র এবং আকর্ষণীয় ও বৈচিত্রময় স্বেচ্ছাসেবক দল প্রস্তুত ।

৪.৩ বৈচিএ্য বৃদ্ধি এবং সদস্যপদ সংযুক্ত করণ

গ্লোবাল লাইব্রেরির প্রতিনিধি সংস্থা হিসাবে, আমরা সদস্যপদ শক্তিশালী করতে, বৈচিএ্যের মধ্যে ঐক্য, সংযুক্ত করনের প্রচার করি । আমরা এমন একটি সংস্থা হিসেবে স্বীকৃত, যারা সদস্যদের প্রত্যাশার কথা শোনে এবং তার জবাব দেয় ।

৪.৪ চমৎকার এবং উদ্ভাবনী যোগাযোগের মাধ্যমে আমাদের দৃশ্যমানতা প্রচার

বিশ্বব্যাপী লাইব্রেরি এবং তথ্য সম্প্রদায়ের চাহিদার সাথে মানানসই উচ্চ মানের, উচ্চ প্রভাব এবং যোগাযোগ ব্যবস্থা পৌঁছে দেওয়ার জন্য আমরা, আমাদের ব্র্যান্ড শক্তিশালী করব ।

আপনি আমাদের কৌশল উন্নয়নের জন্য গুরুত্বপূর্ণ এবং তার সাফল্যের চাবিকাঠি আপনার হাতে।

ব্যবস্থা নাও!

International Federation of Library Associations and Institutions

IFLA Headquarters

P.O. Box 95312

2509CH Den Haag

The Netherlands

Tel +31 70 3140884

Fax +31 70 3834827

Email ifla@ifla.org

ifla.org